বেসিক ব্যাংক লিমিটেড

মহাব্যবস্থাপক, সার্কেল অফিস- ০১,

বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়

এবং

শাখা-ব্যবস্থাপক, মিরপুর শাখা, বেসিক ব্যাংক লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ – জুন ৩০, ২০২৩

# সূচিপত্র


| বিবরণী | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | বেসিক ব্যাংক লিমিটেড এর মিরপুর শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| | উপক্রমণিকা | ৪ |
| সেকশন ১: | রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: | বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: | কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-৯ |
| **সংযোজনী ১:** | শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| **সংযোজনী ২:** | কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২-১৩ |

# বেসিক ব্যাংক লিমিটেড এর মিরপুর শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Mirpur Branch, BASIC Bank Limited)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

  বিগত ০৩ বছরে ক্ষুদ্র ও মাঝারি খাতে ঋণ বিতরণ করা হয়েছে মোট ২৯৯.০৫ কোটি টাকা। কৃষি ঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে মোট কৃষি ঋণ বিতরণ করা হয়েছে ৩.১৮ কোটি টাকা। এছাড়া শ্রেনীকৃত ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। যদিও কভিড মহামারীর প্রভাবে শ্রেনীকৃত ঋণ আদায় বেশ কষ্টসাধ্য হয়ে উঠেছে। বর্তমানে শ্রেনীকৃত ঋণের হার দাঁড়িয়েছে ১২.৯১%।

- **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

  ২০১০-২০১৪ সময়কালে ঋণ বিতরনে সংঘটিত অনিয়মের ফলে ব্যাংকের শ্রেনীকৃত ঋণ বেড়ে ৬৭.৯২% হয়। একইভাবে মিরপুর শাখার শ্রেনীকৃত ঋণও বৃদ্ধি পায়। ব্যাংকের মূলধন ঘাটতি ও প্রভিশন ঘাটতি প্রকট আকার ধারন করে। মুনাফা অর্জন চরমভাবে বাধাগ্রস্থ হয়। বর্তমানে মিরপুর শাখা লাভজনক পর্যায়ে থাকলেও শ্রেনীকৃত ঋণের আধিক্যে প্রতিষ্ঠানটির সার্বিক অগ্রগতিকে বাধাগ্রস্থ করছে। শ্রেনীকৃত ঋণের আধিক্যই বর্তমানে ব্যাংকের প্রধান সমস্যা এবং এই শ্রেনিকৃত ঋণ আদায় করাই এখন প্রধান চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এছাড়াও সুদহীন বা নিম্ন সুদহার বহনকারী আমানত সংগ্রহ আরেকটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। বলা বাহুল্য, মিরপুর শাখা বেসিক ব্যাংক লিমিটেডের একটি অন্যতম পুরনো শাখা। বর্তমানে ব্যবসার সম্প্রসারন, গ্রাহক সংখ্যা বৃদ্ধি প্রভৃতি নানাবিধ কারণে শাখার অপ্রতুল স্থানের কারণে সুষ্ঠভাবে গ্রাহক সেবা প্রদান বাধাগ্রস্থ হয়। কর্মিদের গতিশীল কর্মতৎপরতা তথা শাখার সার্বিক কার্যক্রমের উন্নয়নে শাখার বাড়তি স্থান সঙ্কুলান ও আধুনিকায়ন জরুরী। সাম্প্রতিক নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রভাবে সামগ্রিক ব্যবসা বানিজ্যেঅদ্যবধি স্থবিরতা ও মন্দাভাব কাটেনি। গ্রাহক সেবার মান বৃদ্ধি করে উন্নত ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে শাখাকে অধিকতর লাভজনক করার পাশাপাশি করনাকালিন স্থবিরতা ও মন্দাভাব মোকাবিলা করে ব্যাংকের হারানো গৌরব পুনরুদ্ধার করাই সাম্প্রতিককালের অন্যতম বড় চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

  করোনা মহামারীর কারণে সৃষ্ট আর্থিক সঙ্কট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত কৃষি, শিল্প প্রভৃতি খাতে পুনঃঅর্থায়ন তহবিল হতে স্বল্প সুদে ক্ষতিগ্রস্থ উদ্দোক্তাদের ঋণ প্রদানের মাধ্যমে রাষ্ট্রের অর্থনীতির চাকা সচল রাখতে সচেষ্ট থাকা। বিদ্যমান ঋণ আদায় কার্যক্রম জোরদার করে শ্রেনীকৃত ঋণের পরিমাণ কমিয়ে আনা। ক্ষুদ্র, কৃষি এবং মাঝারি শিল্পখাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং ব্যাংকের উপার্জনশীলতা বৃদ্ধি করা। নারী উদ্যোক্তাদের অধিক পরিমানে ঋণ বিতরণের মাধ্যমে নারী ক্ষমতায়ন এবং সরকারের এসডিজি বাস্তবায়নে ভূমিকা রাখা। গ্রীন ফাইনান্সিং এবং স্বল্পব্যায়ী আমানতের পরিমাণ বৃদ্ধির উপর গুরত্বারোপ করা। ব্যাংকের নবীন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করে উন্নত ব্যাংকিং সেবা প্রদানে অগ্রগামী করে গড়ে তোলা। প্রতিটি ক্ষেত্রে অটোমেশনের মাত্রা ও পরিধি বৃদ্ধি করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ব্যাংকিং খাতের অবদান সম্প্রসারন করা। বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবা প্রদান করে আর্থিক অন্তর্ভুক্তির পরিধি বৃদ্ধিকরণ। নতুন নতুন সেবা চালুকরন অব্যহত রাখা এবং বিদ্যমান সেবাসমুহকে যুগোপযোগী করা।

- **২০২২-২৩ অর্থবছরে** মিরপুর **শাখার সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**

  - এসএমই খাতে ঋণ বিতরণ ও আদায়
  - কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার নামিয়ে আনা
  - মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধিকরণ

# উপক্রমণিকা (Preamble)

রূপকল্প ২০৪১-এর যথাযথ বাস্তবায়ন, সরকারের নির্বাচনী ইস্তোহার বাস্তবায়ন এবং এসডিজির লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য সরকার একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারের মন্ত্রণালয়/বিভাগসমূহ এদের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাথে ২০১৫-১৬ অর্থ-বছর হতে কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে আসছে। কর্মসম্পাদন চুক্তিতে ব্যাংকের কর্মসম্পাদন সূচকসমূহ এবং প্রত্যেকটি সূচকের বিপরীতে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বেসিক ব্যাংকের কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জন নিয়মিত (মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে) মূল্যায়ন করা হচ্ছে।

২০১৬-১৭ অর্থ-বছর হতে বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সাথে শাখাসমূহের এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়ে আসছে। এই ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থ-বছরের জন্যও বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সাথে শাখাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন হওয়া প্রয়োজন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নীতিমালা অনুযায়ী রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকগুলো ২০২২-২৩ অর্থ-বছরের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবে। বিগত বছরসমূহে এপিএ-তে মোট ১০০ নম্বরের মধ্যে সংশ্লিষ্ট অফিসের Allocation of Business বা কার্যতালিকা  অনুযায়ী কর্মকাণ্ড বাস্তবায়নে ৭৫ নম্বর এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ২৫ নম্বর বরাদ্দ ছিল। ২০২১-২২ অর্থবছর হতে সংশ্লিষ্ট অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র বাস্তবায়নে ৭০ নম্বর এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য সর্বমোট ৩০ নম্বর (ওয়েটেড স্কোর) বরাদ্দ করা হয়েছে।

প্রতিটি ‘কর্মসম্পাদনের ক্ষেত্র’ বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচক এবং কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

উল্লেখ্য, শাখার কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট সার্কেল/ডিভিশন/সেল/ইউনিট/ট্রেনিং ইন্সটিটিউট মূল্যায়ণ করে প্রধান কার্যালয়ের কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম এর নিকট রিপোর্ট করবে।

শাখা-ব্যবস্থাপক, মিরপুর শাখা, বেসিক ব্যাংক লিমিটেড

এবং

মহাব্যবস্থাপক, সার্কেল অফিস-০১, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন-১

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

**১.১: রূপকল্প (Vision):**

ক্ষুদ্র ও মাঝারী শিল্প বিকাশের লক্ষ্যে ঋণ সুবিধা প্রদান করে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখা।

**১.২: অভিলক্ষ্য (Mission) :**

ব্যবসার পরিধি সম্প্রসারণের মাধ্যমে উন্নত ব্যাংকিং সেবা জনগণের দোরগোড়াঁয় পৌঁছে দেয়া এবং কৃষি , কুটির শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প, নারী উদ্যোক্তা ঋণ ইত্যাদি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করে আর্থিক অন্তর্ভূক্তি সম্প্রসারণ করা।

**১ .৩: কর্মসম্পাদনের ক্ষেত্র:**

**১.৩.১: বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের ক্ষেত্র:**

ক. ঋণ ও অগ্রিম বিতরণ এবং অন্যান্য বিনিয়োগের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ;

খ. ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন;

গ. ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ প্রতিষ্ঠানের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ;

ঘ. ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার;

ঙ. নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ;

**১.৩.২: সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:**

সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪: কার্যাবলি (Functions):**

চ. আমানত সংগ্রহ

ছ. ঋণ ও অগ্রীম প্রদান

জ. বৈদেশিক বাণিজ্যে অংশগ্রহণ

ঝ. বৈদেশিক রেমিটেন্স সংগ্রহ

ঞ. স্বীকৃত বিল ক্রয়

ট. এল.সি, ব্যাংক গ্যারান্টি ইস্যুকরণ

ঠ. ট্রেজারী বন্ড এবং শেয়ারে বিনিয়োগ

ড. বিভিন্ন ইউটিলিটি বিল জমা নেয়ার মাধ্যমে ইউটিলিটি সেবা প্রদান, ইত্যাদি

# সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচক সমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত কার্যালয়ের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২* | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| [১] ব্যাংকিং খাতে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি | [১.১] গ্রাহকের সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | সংখ্যা জন | ৬১৬৬ | ৭২৩১ | ১০২০০ | ১১২২০ | ১২২৪০ | শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ | ক্যাসেল রিপোর্ট |
| [২] ব্যাংকের ঋণের মান উন্নয়ন | [২.১] শ্রেণিকৃত ঋণের হার | % | ১২.৯১ | ১৫.০২ | ১০.৯০ | ৮.৭২ | ৬.৫৪ | শাখার ক্রেডিট বিভাগ | ক্যাসেল রিপোর্ট ও সি এল সফটওয়্যার |

*মার্চ পর্যন্ত

## সেকশন-৩

### ক. কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ(মোট মান - ৭০)

| ক্রমিক নং | কৌশলগত উদ্দেশ্য | কর্মসম্পাদন সূচকের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| ১ | ঋণ ও অগ্রিম বিতরণ এবং অন্যান্য বিনিয়োগের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ; | ২২ | [১.১] কৃষিঋণ বিতরণ ও আদায় | [১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৫ | ০.২৭ | ০.৪৭ | ০.২৫ | ০.২৩ | ০.২০ | ০.১৮ | ০.১৫ | ০.২৮ | ০.৩০ |
| | | | | [১.১.২] আদায়কৃত কৃষি ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৪ | ০.০৬ | ০.৬২ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৩০ | ০.৫৫ | ০.৬০ |
| | | | [১.২] এসএমই ঋণ বিতরণ ও আদায় | [১.২.১] বিতরণকৃত এসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৫ | ২৮.৮৯ | ৮২.২১ | ৫০.০০ | ৪৫.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ৫৫.০০ | ৬০.০০ |
| | | | | [১.২.২] আদায়কৃত এসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৪ | ২৬.৬৮ | ১০৪.৩৯ | ৩০.০০ | ২৭.০০ | ২৪.০০ | ২১.০০ | ১৮.০০ | ৩৩.০০ | ৩৬.০০ |
| | | | [১.৩] শিল্প ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত শিল্প ঋণ | সমষ্টি | কোটি টাকা | ২ | | | ২৫.০০ | ২২.৫০ | ২০.০০ | ১৭.৫০ | ১৫.০০ | ২৭.৫০ | ৩০.০০ |
| | | | | [১.৩.২] আদায়কৃত শিল্প ঋণ | সমষ্টি | কোটি টাকা | ২ | | | ১৫.০০ | ১৩.৫০ | ১২.০০ | ১০.৫০ | ৯.০০ | ১৬.৫০ | ১৮.০০ |
| ২ | ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন; | ২০ | [২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি হ্রাস | ক্রমপুঞ্জিভুত | কোটি টাকা | ৪ | ২১.২০ | ২০.৩৮ | ১৭.৫০ | ১৯.২৫ | ২১.০০ | ২২.৭৫ | ২৪.৫০ | ১৪.০০ | ১০.৫০ |
| | | | | [২.১.২] আদায়কৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ৫ | ০.২৫ | ০.৮৯ | ০.৭৫ | ০.৬৮ | ০.৬০ | ০.৫৩ | ০.৪৫ | ০.৮৩ | ০.৯০ |
| | | | [২.২] অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায় | [২.২.২] আদায়কৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ০ | ০ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০.২১ | ০.১৮ | ০.৩৩ | ০.৩৬ |
| | | | [২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি | [২.৩.১] স্বল্পব্যয়ী আমানতের হার | ক্রমপুঞ্জিভুত | % | ৪ | ২৬.৭৩ | ৩১.৩২ | ৪০.০০ | ৩৬.০০ | ৩২.০০ | ২৮.০০ | ২৪.০০ | ৪৪.০০ | ৪৮.০০ |

| ক্রমিক নং | কৌশলগত উদ্দেশ্য | কর্মসম্পাদন সূচকের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | ও পরিচালন মুনাফা অর্জন | [২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা | সমষ্টি | কোটি টাকা | ৪ | ০.৫৫ | ০.৮৭ | ৩.০০ | ২.৭০ | ২.৪০ | ২.১০ | ১.৮০ | ৩.৩০ | ৩.৬০ |
| ৩ | ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ প্রতিষ্ঠানের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ; | ৬ | [৩.১] মামলা নিষ্পত্তিকরণ | [৩.১.১] নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ০ | ০ | - | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৪ | ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার; | ১২ | [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | [৪.১.১] ডেবিট/ক্রেডিট কার্ডের নতুন গ্রাহক সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ৯৩ | ২১০ | ১২৫ | ১১৩ | ১০০ | ৮৮ | ৭৫ | ১৩৮ | ১৫০ |
| | | | | [৪.১.২] RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৭.৬১ | ২২.৮৬ | ৩০.০০ | ২৭.০০ | ২৪.০০ | ২১.০০ | ১৮.০০ | ৩৩.০০ | ৩৬.০০ |
| | | | | [৪.১.৩] BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ১০.২২ | ২২.০৯ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৫০ | ৩.০০ | ৫.৫০ | ৬.০০ |
| ৫ | নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন | ১০ | [৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | [৫.১.১] নতুন উদ্যোক্তার সংখ্যা | সমষ্টি | সংখ্যা জন | ৪ | ০ | ১ | ২ | ২ | ২ | ১ | ১ | ৩ | ৩ |
| | | | | [৫.১.২] বিতরণকৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ০ | ০.০৫ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৩০ | ০.৫৫ | ০.৬০ |

| ক্রমিক নং | কৌশলগত উদ্দেশ্য | কর্মসম্পাদন সূচকের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ; | | | [৫.১.৩] আদায়কৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ০.০১৭ | ০.০৩ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.২২ | ০.২৪ |

*মার্চ পর্যন্ত

আমি, শাখা-ব্যবস্থাপক, মিরপুর শাখা, বেসিক ব্যাংক লিমিটেড, ব্যাংকের সার্কেল অফিস-০১ এর মহাব্যবস্থাপক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সর্বাত্মক সচেষ্ট থাকব।

আমি, মহাব্যবস্থাপক, সার্কেল অফিস-০১, বেসিক ব্যাংক লিমিটেড এর প্রতিনিধি হিসাবে শাখা-ব্যবস্থাপক, মিরপুর শাখা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

**স্বাক্ষরিত:**

ব্যবস্থাপনার পক্ষে

**আহম্মদ হোসেন**
মহাব্যবস্থাপক
সার্কেল অফিস- ০১
বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

শাখার পক্ষে

**মোহাম্মদ তারিকুল ইসলাম**
সহকারী মহাব্যবস্থাপক
শাখা-ব্যবস্থাপক, মিরপুর শাখা

তারিখঃ ২৩.০৬.২০২২

### সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

ATM: Automated Teller Machine

BEFTN: Bangladesh Electronic Funds Transfer Network

RTGS: Real Time Gross Settlement

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কৃষিঋণ বিতরণ ও আদায় | [১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [১.১.২] আদায়কৃত কৃষি ঋণ | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [১.২] এসএমই ঋণ বিতরণ ও আদায় | [১.২.১] বিতরণকৃত এসএমই ঋণ | শাখার ক্রেডিট | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [১.২.২] আদায়কৃত এসএমই ঋণ | শাখার ক্রেডিট | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [১.৩] শিল্প ঋণ বিতরণও আদায় | [১.৩.১] বিতরণকৃত শিল্প ঋণ | শাখার ক্রেডিট | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [১.৩.২] আদায়কৃত শিল্প ঋণ | শাখার ক্রেডিট | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি হ্রাস | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [২.১.২] আদায়কৃত অর্থ | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [২.১] অবলোপনকৃত ঋণ হতে আদায় | [২.২.২] আদায়কৃত অর্থ | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন | [২.৩.১] স্বল্পব্যয়ী আমানতের হার | শাখার জেনারেল ব্যাংকিং বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা | শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [৩.২] মামলা নিষ্পত্তিকরণ | [৩.২.২] নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | [৪.১.১] ডেবিট/ক্রেডিট কার্ডের নতুন গ্রাহক সংখ্যা | শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [৪.১.২] RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| | [৪.১.৩] BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| [৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | [৫.১.১] নতুন উদ্যোক্তার সংখ্যা | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [৫.১.২] বিতরণকৃত ঋণের পরিমাণ | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |
| | [৫.১.৩] আদায়কৃত ঋণের পরিমাণ | শাখার ক্রেডিট বিভাগ | কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী |